“ডিজিটাল বাংলাদেশের অর্জন উপকৃত সকল জনগণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, মধুখালী, ফরিদপুর
সহকারী প্রোগ্রামার এর দপ্তর

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আশিকুর রহমান চৌধুরী<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২১/০৭/২০২২ |
| সভার সময় | ১২:০০ ঘটিকা |
| স্থান | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, মধুখালী, ফরিদপুর |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” |


সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং গতে মে, ২২ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মধুখালী’কে অনুরোধ করেন। তিনি উক্ত কমিটির সম্মানিত উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানান। অত:পর সভার আলোচনা শুরু করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ** সাধারণ জনগণ, তথ্য সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা, সরকারি দপ্তর/বিভাগ এবং ইউনিয়ন সমূহে সরকারি উদ্যোগে ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। ফলে ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণ জনগুরুত্বপূর্ণ। ওয়েব পোর্টাল হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। এটি সবসময় হালনাগাদ করা প্রয়োজন। ওয়েব পোর্টালগুলোকে আরোও সমৃদ্ধ করার বিষয়ে আলোচনা হয়। | ১.১। সকল সরকারি দপ্তর/বিভাগ ও ইউনিয়ন ওয়েব পোর্টালে জরুরি খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী, সকল কর্মকর্তা, কর্মচারি, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদকরণ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.২। উপজেলার সকল দপ্তর/বিভাগকে জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় মর্মে জানানো হয় এবং প্রশিক্ষণ শেষে সকল সরকারি দপ্তর/বিভাগ এ জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মধুখালী উপজেলার সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। মধুখালী উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও উদ্যোক্তাগণ।<br>৩। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | **ই-নথি/ ডি-নথি বাস্তবায়নঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এসপায়ার টু ইনোভেট প্রোগ্রাম কর্তৃক বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ই-নথি ব্যবস্থাপনা চালু হয়েছে । সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক নথি কার্যক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে অনলাইন নথি ব্যবস্থাপনায় (ই-নথি সিস্টেম) ব্যবহার নিশ্চিতকরণ সরকারের ধারাবাহিক পেপারলেস অফিস বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ বিষয় ও "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে বিস্তারিত নির্দেশনা রয়েছে। ই-নথি ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২.১। ইতোমধ্যে ই-নথি সিস্টেমে লাইভ সার্ভারে স্থাপিত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও উপজেলা সমাজসেবা দপ্তরসমূহের দাপ্তরিক নথি কার্যক্রম অনলাইন নথি ব্যবস্থাপনায় শুরু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.২। এ উপজেলার ১২ টি সরকারি দপ্তর/বিভাগসমূহকে ডি-নথি সিস্টেমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রদান করার পর সরকারি দপ্তর/বিভাগকে লাইভ সার্ভারে ক্রমান্বয়ে স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়।<br>২.৩। এক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান ও প্রয়োজন বোধে তৎসংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য সরবরাহকরণ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামারকে সহায়তা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।<br>২। উপজেলার সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগ প্রধানগণ।<br>৩। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর। |
| ০৩ | **ডিজিটাল সেন্টার:** ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে খুব সহজেই নাগরিকরা বিভিন্ন সেবা পেয়ে থাকেন। এছাড়াও প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাগণকে তাদের আয়-ব্যয়ের সঠিক পূর্ণ হিসাব একসেবায় আপলোড করার জন্য বলা হয়। আয়ের পরিমান বৃদ্ধি করার জন্য ইউডিসির সেবা সংক্রান্ত প্রচার প্রচারণা ও সকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা আছে কি না সেই বিষয়ে আলোচনা করা হয়। | ৩.১। সভাপতি বলেন যে, সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করবেন এবং কীভাবে তাদের আয় ক্রমান্বয়ে বৃদ্ধি করা যায়, সেই মর্মে পরামর্শ প্রদান করবেন। এছাড়াও ডিজিটাল সেন্টার থেকে বিদ্যুৎ বিল গ্রহণ, ডিজিটাল সেন্টারগুলোতে ই-মিউটেশন সেবা চালু, অনলাইন জন্ম নিবন্ধন এর আবেদনসহ সকল প্রকার ডিজিটাল সেবা প্রদান করবেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিদর্শন রিপোর্ট তথ্য ও যোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী'তে অনুলিপি প্রদান করতে হবে। সকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা না থাকলে নতুন করে মহিলা উদ্যোক্তা নেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বরাবর পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) মধুখালী, ফরিদপুর।<br>৩। উদ্যোক্তা (সকল), মধুখালী, ফরিদপুর। |
| ০৪ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাব/অন্যান্য কম্পিউটার ল্যাব সম্পর্কিতঃ** বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **"সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন"** শীর্ষক প্রকল্পের আওতায় মধুখালী উপজেলায় ০৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" ও ০১ টি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়েছে। নতুন করে এ উপজেলায় আরও একটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করার কাজ চলমান রয়েছে মর্মে আলোচনা করা হয়। | ৪.১। শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ মোতাবেক কম্পিউটার ল্যাবসমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ করে শিক্ষার্থীদেরকে প্রোগ্রামিং শেখার ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকগণদের অনুরোধ করা হয়। সহকারী প্রোগ্রামার শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন করে এর রিপোর্ট তথ্য ও যোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী'তে অনুলিপি প্রদান করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।<br>৩। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ** উপজেলার সকল সরকারি, বে-সরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস পরিচালিত হচ্ছে কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে বলেন, মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানের হার গত মাসের তুলনায় অনেকাংশই বৃদ্ধি পেয়েছে। সভাপতি এ প্রসঙ্গে বলেন যে, এই হার যেন ক্রমান্বয়ে শতভাগে উপনীত হতে পারে সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মধুখালী'কে অনুরোধ করা হয়। | ৫.১। মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানের হার শতভাগ নিশ্চিত করতে হবে। এছাড়াও মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানকৃত ক্লাসসমূহের তথ্য নিয়মিত http://mmc.gov.bd -তে আপলোড হচ্ছে কিনা সেদিকে যথেষ্ট দৃষ্টি দিতে হবে।<br>৫.২। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে মাল্টিমিডিয়া ক্লাসরুম হিসাবে ব্যবহার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর। ২। উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।<br>৪। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ। |
| | | | |

পরিশেষে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আশিকুর রহমান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.২৯৫৬.০০০.০৬.০০১.১৯.২৪

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৯
৩০ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, ও উপদেষ্টা আইসিটি বিষয়ক উপজেলা কমিটি, ফরিদপুর-১
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
৭) চেয়ারম্যান উপজেলা পরিষদ , মধুখালী, ফরিদপুর
৮) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফরিদপুর
৯) অধ্যক্ষ/প্রধান শিক্ষক
১০) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, উপজেলা ভূমি অফিস, মধুখালী, ফরিদপুর
১১) উপজেলা.................., মধুখালী, ফরিদপুর
১২) জনাব..................................., মধুখালী, ফরিদপুর।



দ্বিজেন্দ্র নাথ বিশ্বাস
সহকারী প্রোগ্রামার